Government of the People's Republic of Bangladesh

Police Headquarters
Dhaka

Corrigendum of International Tender Notice

Memo No. E&T/Arms/58-2009/5033(5) Date: 21 December 2009

Invitation for international tender notice published in different national dailies as per Memo No. E&T/Arms/58-2009/3807(5) Date: 04 November 2009 is hereby amended as follows:-

Sl No.	Description	Published (quantity)	Revised (quantity)
01.	Sound Grenade/ Flash Bang Grenade	2000 Pcs	Suspended

Due to administrative reason the tender of abovementioned item is suspended, other terms and conditions will be unchanged.

M Mahbub Alam, ppm
AIG (E&T)
Bangladesh Police
Police Headquarters, Dhaka
E-mail: aige_t@police.gov.bd

GD-5764

"দুটি সন্তানের বেশি নয়, একটি হলে ভাল হয়"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

স্মারক নং-যুউঅ/টিএপি/ নেটওয়ার্কিং/নিয়োগ-১৫/০৯-৩১ তারিখঃ ২০/১২/২০০৯খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন "যুব উন্নয়ন অধিদপ্তর ও বেসরকারি স্বেচ্ছাসেবী যুব সংগঠনের মধ্যে কর্মসূচিভিত্তিক নেটওয়ার্কিং জোরদারকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নে বর্ণিত পদসমূহে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পদগুলি বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত, সম্পূর্ণ অস্থায়ী এবং শুধু প্রকল্পের মেয়াদকাল (৩০ জুন/২০১১খ্রিঃ) পর্যন্ত স্থায়ী হবে। পদের নাম, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় অভিজ্ঞতার বিবরণ নিম্নরূপঃ

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	সাকুল্যে বেতন	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	প্রোগ্রামার	০১ (এক)টি	১৭৫৫০/- (জাতীয় বেতন স্কেল ২০০৫ অনুযায়ী)	অনূর্ধ্ব ৪০ বছর	(ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি/কম্পিউটার বিজ্ঞানে এমএসসি/ফলিত পদার্থ ও ইলেকট্রনিক্স বিষয়ে স্নাতকোত্তর পাস হতে হবে। (খ) প্রার্থীকে তথ্য প্রযুক্তি বিষয়ে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। (গ) প্রার্থীকে প্রোগ্রামিং, ডাটাবেজ ব্যবস্থাপনা সিস্টেম, নেটওয়ার্কিং এবং ইন্টারনেট ব্যবস্থাপনার বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। (ঘ) প্রার্থীকে অবশ্যই কম্পিউটার সোসাইটির এসোসিয়েট সদস্য হতে হবে। (ঙ) প্রার্থীকে ০৩ (তিন) মাস শিক্ষানবীশকাল হিসাবে কাজ করতে হবে। ০৩ (তিন) মাস শিক্ষানবীশকালের কাজ সন্তোষজনক হলে চুক্তি বলবৎ থাকবে।
০২	প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ)	০১ (এক)টি	১১০৪০/- (জাতীয় বেতন স্কেল ২০০৫ অনুযায়ী)	কমপক্ষে ৪৫ বছর এবং সর্বোচ্চ ৫০ বছর	(ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সামাজিক বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি/এমবিএ পাসসহ কম্পিউটার জ্ঞান থাকতে হবে। এমএস অফিস এবং ইন্টারনেট জ্ঞান থাকতে হবে। (খ) প্রার্থীকে যুব বিষয়ক কার্যক্রম, প্রোগ্রাম এবং অর্থ ব্যবস্থাপনা, পণ্যক্রয় ও বাজেটিং বিষয়ে ১২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (গ) সরকারি চাকুরীতে অভিজ্ঞতা থাকলে ভাল হয়। (ঘ) 'ডিপ্লোমা-ইন-ইয়ুথ-ইন-ডেভেলপমেন্ট ওয়ার্ক ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। (ঙ) প্রার্থীকে ০৩ (তিন) মাস শিক্ষানবীশকাল হিসাবে কাজ করতে হবে। ০৩ (তিন) মাস শিক্ষানবীশকালের কাজ সন্তোষজনক হলে চুক্তি বলবৎ থাকবে।
০৩	প্রোগ্রাম অফিসার (কর্মসূচি)	০১ (এক)টি	১১০৪০/- (জাতীয় বেতন স্কেল ২০০৫ অনুযায়ী)	কমপক্ষে ৪৫ বছর এবং সর্বোচ্চ ৫৭ বছর	(ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সামাজিক বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি অথবা যুব বিষয়ে ডিপ্লোমাসহ পশুপালন বিভাগ থেকে স্নাতক পাস হতে হবে। (খ) প্রার্থীকে যুব কার্যক্রম, প্রশিক্ষণ ও যুব উদ্যোক্তা উন্নয়ন বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে। (গ) কর্মসূচি উন্নয়ন, বাস্তবায়ন এবং কারিকুলাম উন্নয়ন বিষয়ক অভিজ্ঞতা থাকলে ভাল হয়। (ঘ) প্রার্থীকে কম্পিউটার জ্ঞান অবশ্যই থাকতে হবে। (ঙ) প্রার্থীকে অবশ্যই প্রশিক্ষণ কারিকুলাম, প্রশিক্ষণ মডিউল এবং সিডিউল প্রণয়নের জ্ঞান থাকতে হবে। (চ) প্রার্থীকে ০৩ (তিন) মাস শিক্ষানবীশকাল হিসাবে কাজ করতে হবে। ০৩ (তিন) মাস শিক্ষানবীশকালের কাজ সন্তোষজনক হলে চুক্তি বলবৎ থাকবে।
০৪	এডমিনিস্ট্রেটিভ এসিসটেন্ট (প্রশাসন ও অর্থ)	০১ (এক)টি	৮৬৬০/- (জাতীয় বেতন স্কেল ২০০৫ অনুযায়ী)	কমপক্ষে ৩০ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর	(ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিএ/বিএসসি/অথবা বিবিএ পাসসহ কম্পিউটার অপারেটিং সিস্টেম, এমএস অফিস, ডাটাবেজ এবং ইন্টারনেট সংক্রান্ত জ্ঞান থাকতে হবে। (খ) প্রার্থীকে প্রোগ্রাম এসিসটেন্ট/প্রজেক্ট এসিসটেন্ট/এডমিনিস্ট্রেটিভ এসিসটেন্ট/অফিস সেক্রেটারী/অফিস সহকারী হিসেবে সরকারি অফিসে অথবা এনজিও তে কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। (গ) জাতিসংঘ অথবা আন্তর্জাতিক সাহায্য সংস্থায় কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। (ঘ) প্রার্থীকে ০৩ (তিন) মাস শিক্ষানবীশকাল হিসাবে কাজ করতে হবে। ০৩ (তিন) মাস শিক্ষানবীশকালের কাজ সন্তোষজনক হলে চুক্তি বলবৎ থাকবে।
০৫	প্রোগ্রাম এসিসটেন্ট	০১ (এক)টি	৭১৬০/- (জাতীয় বেতন স্কেল ২০০৫ অনুযায়ী)	কমপক্ষে ৩০ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর	(ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিএ/বিএসসি অথবা বিবিএ ডিগ্রিসহ কম্পিউটার অপারেটিং সিস্টেম, এমএস অফিস, ডাটাবেজ এবং ইন্টারনেট বিষয়ে জ্ঞান থাকতে হবে। (খ) প্রার্থীকে প্রোগাম এসিসটেন্ট/প্রজেক্ট এসিসটেন্ট/এডমিনিস্ট্রেটিভ এসিসটেন্ট/অফিস সেক্রেটারী/অফিস সহকারী হিসেবে সরকারি অফিসে অথবা এনজিও অথবা আন্তর্জাতিক সাহায্য সংস্থায় কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। (গ) জাতিসংঘ অথবা আন্তর্জাতিক সাহায্য সংস্থায় কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। (ঘ) প্রার্থীকে ০৩ (তিন) মাস শিক্ষানবীশকাল হিসাবে কাজ করতে হবে। ০৩ (তিন) মাস শিক্ষানবীশকালের কাজ সন্তোষজনক হলে চুক্তি বলবৎ থাকবে।
০৬	কম্পিউটার অপারেটর কাম-অফিস সহকারী	০১ (এক)টি	৭১৬০/- (জাতীয় বেতন স্কেল ২০০৫ অনুযায়ী)	১৮ বছর হইতে ৩৫ বছর পর্যন্ত	(ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রিসহ কম্পিউটার অপারেটিং সিস্টেম, এমএস অফিস, ডাটাবেজ এবং ইন্টারনেট সংক্রান্ত বিষয়ে জ্ঞান থাকতে হবে। (খ) প্রার্থীকে কম্পিউটার অপারেশন এবং অফিস ব্যবস্থাপনা বিষয়ে সরকারি অফিসে অথবা আধা-সরকারি অফিসে অথবা আন্তর্জাতিক সংস্থায় কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। (গ) প্রার্থীকে ০৩ (তিন) মাস শিক্ষানবীশকাল হিসাবে কাজ করতে হবে। ০৩ (তিন) মাস শিক্ষানবীশকালের কাজ সন্তোষজনক হলে চুক্তি বলবৎ থাকবে।

অন্যান্য শর্তাবলী

০১। দরখাস্তে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল বা সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপিসহ আবেদনপত্র আগামী ১৪/০১/২০১০খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীর বয়স ১৪/০১/২০১০খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স (বছর, মাস ও দিনসহ) উল্লেখ্য করতে হবে।

০৩। সরকারি/আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। অনুরূপ আবেদন নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত হলে উহা বাতিল বলে গণ্য হবে। একইভাবে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৪। মুক্তিযোদ্ধার সন্তান/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, উপজাতীয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটাসহ অন্যান্য বিশেষ কোটায় নিয়োগ লাভে প্রত্যাশী প্রার্থীদেরকে সরকার কর্তৃক ঘোষিত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদ/সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। প্রার্থীকে আবেদনপত্র প্রেরণের খামের উপর বর্ণিত পদের নাম ও নিজ জেলার নাম আলাদাভাবে উল্লেখ করতে হবে। আবেদনকারী নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে ঠিকানায় পত্র পেতে চান সে ঠিকানা সম্বলিত (প্রাপকের নামে) ৫ (পাঁচ) টাকার মূল্যমানের ডাকটিকিটযুক্ত ১০" X৪.৫" আকারের একটি খাম আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।

০৬। সরকারি নীতিমালা মোতাবেক বিভিন্ন কোটা (মুক্তিযোদ্ধার সন্তান/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, উপজাতীয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, এতিম ও শারিরীক প্রতিবন্ধী ইত্যাদি) সংরক্ষণ করা হবে।

০৭। চাকুরীর মেয়াদ প্রকল্পের মেয়াদকালীন পর্যন্ত বলবৎ থাকবে।

০৮। অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে পৌছানো/কাটাছেড়া/একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র অথবা আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯। এসএসসি সনদে পিতার নাম এবং প্রার্থীর নাম যেভাবে আছে আবেদনপত্রে সে নাম হুবহু লেখা না হলে বাছাই প্রক্রিয়ায় অর্থাৎ পরীক্ষা/সাক্ষাৎকারের পূর্বে বা পরে যে কোন পর্যায়ে এ সকল ত্রুটি ধরা পড়লে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

১০। বয়স প্রমাণের জন্য এসএসসি/সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১১। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

১২। দরখাস্তের সাথে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে সকল পদের জন্য ১০০ (একশত) টাকা বাংলাদেশ ব্যাংক/ ট্রেজারী চালানের মাধ্যমে ১-৩৬৪০-০০০০-২০৩১ (পরীক্ষা ফি) কোডে জমাপূর্বক চালানের মূলকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র অবশ্যই প্রকল্প পরিচালক "যুব উন্নয়ন অধিদপ্তর ও বেসরকারি স্বেচ্ছাসেবী যুব সংগঠনের মধ্যে কর্মসূচিভিত্তিক নেটওয়ার্কিং জোরদারকরণ" শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ৬ষ্ঠ তলা, কক্ষ নং ৬০৬, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এ ঠিকানায় ডাকযোগে অথবা সরাসরি পৌছাতে হবে।

১৪। এতিমখানা নিবাসী/শারিরীক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজকল্যাণ অধিদপ্তরের নিবন্ধন সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

১৫। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন/সকল আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

মোঃ বোরহান উদ্দিন ভূঞা
প্রকল্প পরিচালক (উপ-সচিব)
"যুব উন্নয়ন অধিদপ্তর ও বেসরকারি স্বেচ্ছাসেবী যুব সংগঠনের মধ্যে কর্মসূচিভিত্তিক নেটওয়ার্কিং জোরদারকরণ" শীর্ষক প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

জিডি-৫৭৫১

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

বিষয়ঃ আইনজীবী তালিকাভুক্তিকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বিভিন্ন আইনগত বিষয়ে মতামত ও পরামর্শ প্রদান এবং মামলা পরিচালনা করার জন্য কয়েকজন বিজ্ঞ ও অভিজ্ঞ আইনজীবী তালিকাভুক্ত করা হবে। প্রার্থীগণকে নিম্নে বর্ণিত শর্ত পূরণ করতে হবেঃ

(১) বাংলাদেশ সুপ্রীম কোর্ট/হাইকোর্টে মামলা পরিচালনায় ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ বিভিন্ন আদালতে মামলা পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

(২) কমিশনের বিভিন্ন বিষয়ে আইনগত মতামত ও পরামর্শ প্রদান এবং কমিশনের পক্ষে বাদী/বিবাদী হিসেবে মামলা পরিচালনা করার ব্যাপারে আন্তরিক ইচ্ছা ও আগ্রহ থাকতে হবে।

(৩) সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে তালিকাভুক্ত আইনজীবী হিসেবে আইনগত বিষয়ে মতামত প্রদান ও মামলা পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে। তবে খ্যাতিমান আইনজীবী কিংবা আইন পেশায় দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্নদের ক্ষেত্রে এ শর্ত শিথিল করা যেতে পারে কিংবা তাদেরকে এ শর্ত পূরণ থেকে অব্যাহতি দেওয়া যেতে পারে।

(৪) তালিকাভুক্ত আইনজীবীগণকে সিডিউল অভ ফিস অনুসারে বিভিন্ন কাজের জন্য নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হবে।

আগ্রহী আইনজীবীগণকে আগামী ০৭-০১-২০১০ তারিখের মধ্যে কমিশনের সচিব মহোদয়ের বরাবরে বিস্তারিত জীবন বৃত্তান্ত ও প্রয়োজনীয় ডকুমেন্টসহ আগ্রহ জ্ঞাপনপত্র পাঠানোর জন্য অনুরোধ করা হ'ল।

মোঃ মখলেছুর রহমান
যুগ্ম-সচিব (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

জিডি-৫৭৫৬

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা

পত্র সংখ্যাঃ রেজি/প্রশা/২০০৯-২০১০/৩০১৭ তারিখঃ ২০/১২/২০০৯

নিয়োগ বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নে বর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদের নাম ও বেতনক্রম		শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	গ্রন্থাগারিক গ্রন্থাগার অফিস বেতনক্রমঃ ১৬,৮০০-২০,৭০০/- (পুনঃ বিজ্ঞপ্তি) (ইতিপূর্বে যারা এই পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই)	১টি	ক) ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি এবং স্নাতক পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ লাইব্রেরী সায়েন্সে ট্রেনিংপ্রাপ্ত হতে হবে। লাইব্রেরী সায়েন্সে ট্রেনিংসহ পি-এইচ.ডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া হবে। খ) লাইব্রেরী ম্যানেজমেন্ট এবং প্রশাসনে এবং/অথবা লাইব্রেরী সায়েন্সে শিক্ষকতা এবং গবেষণা কাজে কমপক্ষে ১৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে উপ-গ্রন্থাগারিক/সমমানের পদে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়সঃ অনূর্ধ্ব ৫৫ বছর।**
২।	অধ্যক্ষ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ বেতনক্রমঃ ১৫,০০০-১৯,৮০০/-	১টি	ক) কমপক্ষে ২য় শ্রেণীর অনার্স এবং ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রি অথবা ১ম শ্রেণীর মাস্টার্স ডিগ্রি অথবা ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রি ও পি-এইচ.ডি ডিগ্রি। কোনো পর্যায়ে ৩য় শ্রেণী গ্রহণ করা হবে না। তবে ইংরেজি বিষয়ের ক্ষেত্রে শিক্ষাবোর্ডের নিয়ম অনুসরণ করা হবে। খ) কলেজ পর্যায়ে ১৫ (পনের) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। তন্মধ্যে অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/সমমানের পদে কমপক্ষে ৭ (সাত) বছরের চাকুরীর অভিজ্ঞতা অগ্রাধিকার পাবে। **গ) বয়সঃ অনূর্ধ্ব ৫৫ বছর।** **অধিকতর যোগ্য প্রার্থীকে উচ্চতর প্রারম্ভিক বেতন দেয়া যেতে পারে।**

৩। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো শর্ত শিথিলযোগ্য।

৪। উপরোক্ত সকল পদের জন্য প্রার্থীদের নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে প্রাপ্তব্য নির্ধারিত ফর্মে ১০ (দশ) কপি দরখাস্ত, শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, ডিপ্লোমা ও প্রশংসাপত্রের সত্যায়িত কপি প্রতি সেটের সাথে সংযুক্ত করতঃ রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার উপর ইস্যুকৃত ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য নহে) অথবা অগ্রণী ব্যাংকের বিবিধ জমা রশিদের মাধ্যমে অগ্রণী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার সিডি-৬৮ নং হিসাবে জমা দিয়ে উক্ত জমা রশিদ এবং ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ দরখাস্ত আগামী ১৪-০১-২০১০ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

৫। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। রেজিস্ট্রার বরাবর ৬ (ছয়) টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজের নাম, ঠিকানা লিখিত ১০"X৪" সাইজের খাম পাঠিয়ে উক্ত সকল পদের জন্য নির্ধারিত ফর্ম সংগ্রহ করা যাবে। অথবা ব্যক্তিগতভাবে অফিস চলাকালীন সময়ে (অফিস সময়ঃ সকাল ০৮-৩০ থেকে ৩-০০ টা পর্যন্ত) রেজিস্ট্রার অফিস থেকে সংগ্রহ করা যাবে।

৭। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

জিডি-৫৭৫৩ রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আবদুল গনি রোড, ঢাকা
e-mail:dg@dgfood.gov.bd
website: www.dgfood.gov.bd

স্মারক নং-পরি/প্রশা/তদন্ত ও মামলা/১৯/২০০৮-৪৩১ তারিখঃ ১৪/৯/২০০৯ইং

আদেশ

যেহেতু, জনাব সুমন সাধন কুমার দেওয়ান, খাদ্য পরিদর্শক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে মানিকগঞ্জ জেলার সাটুরিয়া এলএসডিতে ২/২/২০০৫ তারিখ হইতে ৩১/১/২০০৮ তারিখ পর্যন্ত কর্মরত সময়ে বিগত ১/২/০৮ তারিখ হইতে আত্মগোপন করায় গুদামের মালামাল বিজ্ঞ ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে ১০০% ওজনে নতুন ভারপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝাইয়া দেওয়ার সময় ২৮,৭৮,৯২০/-টাকা মূল্যের ১৬৬৩ বস্তায় ১৩৮.৬৯২ মেঃ টন চাউল অস্বাভাবিক ঘাটতি পাওয়া যায় যাহার জন্য তিনি দায়ী এবং উক্ত ঘাটতিকৃত চাউল ও বস্তার মূল্য তাহার নিকট হইতে আদায়যোগ্য, উল্লিখিত অভিযোগে খাদ্য অধিদপ্তরের ৯/৪/০৮ তারিখের ২২০ নং স্মারকে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩ এর (বি) ও (ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে তাহার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করিয়া কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, বিভাগীয় মামলার প্রেক্ষিতে অভিযুক্ত কোন জবাব প্রদান না করায় বিভাগীয় মামলাটি তদন্তের জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্তানুষ্ঠানে হাজির হওয়ার জন্য তাহাকে বার বার নোটিশ প্রদান করা সত্বেও তিনি তদন্তানুষ্ঠানে হাজির না হওয়ায় তদন্ত কর্মকর্তা সরকার পক্ষে মামলা পরিচালনাকারীর উপস্থিতিতে সংশ্লিষ্ট রেকর্ডপত্রের আলোকে তদন্তকার্য সম্পন্ন করিয়া তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট রেকর্ডপত্র দাখিল করেন এবং আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত বলিয়া মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা ও পরীক্ষা নিরীক্ষা করিয়া দোষী স্বাব্যস্ত হওয়ায় সরকারি ক্ষতির মূল্য (বস্তাসহ) ২৮,৭৮,৯২০/- (আটাশ লক্ষ আটাত্তর হাজার নয়শত বিশ) টাকা আদায়ের আদেশসহ কেন তাহাকে চাকুরী হইতে বরখাস্ত করা হইবে না তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য তাহাকে খাদ্য অধিদপ্তরের ৯/৩/০৯ তারিখের ১৩৫ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে অভিযুক্ত কোন জবাব প্রদান না করায় দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ থানা বিগত ২৬/৪/০৯ তারিখের "দি ডেইলি স্টার" পত্রিকায় এবং ৯/৫/০৯ তারিখের "দৈনিক ইত্তেফাক" পত্রিকায় প্রকাশ করার পরও তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের কোন জবাব প্রদান করেন নাই;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা ও পরীক্ষা নিরীক্ষা করিয়া দোষী স্বাব্যস্ত হওয়ায় সরকারি ক্ষতি ১৬৬৩ বস্তায় ১৩৮.৬৯২ মেঃ টন চাউলের মূল্য বাবদ ২৮,৭৮,৯২০/- (আটাশ লক্ষ আটাত্তর হাজার নয়শত বিশ) টাকা আদায়ের আদেশসহ ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪ (৩)(ডি) অনুযায়ী তাহাকে চাকুরী হইতে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে;

এক্ষণে সেইহেতু, নিম্নরূপ আদেশ প্রদান করিয়া জনাব সুমন সাধন কুমার দেওয়ান, খাদ্য পরিদর্শক এর বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হইলঃ

(ক) ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪ (৩) (ডি) অনুযায়ী তাহাকে সরকারি চাকুরী হইতে বরখাস্ত করা হইল। তাহার সাময়িক বরখাস্তকাল বিনা বেতনে গণ্য হইবে।

(খ) সরকারি ক্ষতি ১৬৬৩ বস্তায় ১৩৮.৬৯২ মেঃ টন চাউলের মূল্য বাবদ ২৮,৭৮,৯২০/- (আটাশ লক্ষ আটাত্তর হাজার নয়শত বিশ টাকা মাত্র) টাকা তাহার নিকট হইতে আদায়ের আদেশ দেওয়া হইল। উক্ত টাকা আগামী ৩ (তিন) মাসের মধ্যে সরকারি কোষাগারে জমা দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হইল। ব্যর্থতায় মানি মামলার মাধ্যমে আদায় করিতে হইবে।

পিউস কস্তা
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা

জিডি-৫৭৪২

Government of the People's Republic of Bangladesh

Fire Service & Civil Defence Directorate
Kazi Alauddin Road, Dhaka

Memo No. FS&CD/Foreign/Rev/Chha-06/2009-2010/11078 Date: 20/12/09

Corrigendum Notice for International Re-Tender

It is notified for all concerned that some amendments in International Tender Notice Memo No. FS&CD/Foreign/Rev-Chha-06/2009-2010/10766 dated 02-12-2009 which was published in The Daily Naya Diganta dated 4.12.2009 & 5.12.2009 and The Daily Star dated 8.12.2009 for purchasing of fire fighting & rescue equipment are hereby made as follows:

Sl No	Item	Scheduled	Amended
1.	Tender document selling date	Up to 10/01/2010	17/01/2010
1.	Tender submission and closing date and time	On or before 11/01/2010 at 12.00 hours	On or before 18/01/2010 at 12.00 hours
2.	Tender opening date and time	11/01/2010 at 12.30 hours	18/01/2010 at 12.30 hours

2. **ITT 22.2 (tender data sheet) of the following tender No. to be replaced as under**:
(a) Tender No. FS&CD/Foreign/Rev/001/09-10 Dated 02-12-2009.
(b) Tender No. FS& CD/Foreign/Rev/002/09-10 Dated 02-12-2009.
(c) Tender No. FS& CD/Foreign/Rev/003/09-10 Dated 02-12-2009.
(d) Tender No. FS& CD/Foreign/Rev/004/09-10 Dated 02-12-2009.
(e) Tender No. FS& CD/Foreign/Rev/005/09-10 Dated 02-12-2009.
(f) Tender No. FS& CD/Foreign/Rev/011/09-10 Dated 02-12-2009.

To be replaced by: Letter of authority from the manufacturer/fabricator to the bidder, if the bidder is not the manufacturer/fabricator.
A certificate from the manufacturer of chassis, pumps, communication system (as applicable) must be submitted along with the offer, stating year of production, model validity, spares availability and including suitability for the particular equipments.
All other terms and conditions will remain unchanged. This amendment notice will be the part of the tender documents.

Director (Admin & Finance)
Fire Service & Civil Defence
Dhaka

GD-5754

Government of the People's Republic of Bangladesh

Office of the Director General
Department of Youth Development
Ministry of Youth & Sports
108, Motijheel C/A, Dhaka-1000

Invitation for Tender

Government of the People's Republic of Bangladesh

1	Ministry/Division	Youth & Sports.		
2	Agency	Department of Youth Development.		
3	Procuring entity name	Project Director Project on Strengthening of Programme Based Networking Between the Department of Youth Development and